## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির ডিসেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ১১/১২/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১০.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, সমাজসেবায় বিশেষ অবদানের জন্য ব্যবসায় সাফল্য অর্জনকারী নারী এবং অন্যান্য আরো অনেক ক্যাটাগরিতে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে সম্মাননা দেয়া হবে। এ বিষয়ে বহুল প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান। | উপপরিচালক (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর পঞ্চগড় |
| ০২ | **নারী ও শিশু উন্নয়ন ঃ** পরিষদ, সরকার ও বিভিন্ন বেসরকারি সংস্থা কর্তৃক গ্রহণকৃত নারী ও শিশু উন্নয়ন বিষয়ক বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও কাঠামোগত উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা করা এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা। এছাড়া উপজেলা পরিষদের সাধারণ সভায় এ সংক্রান্ত প্রতিবেদন ও সুপারিশমালা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৩ | **নারী ও শিশু নির্যাতন ঃ** সভাপতি জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় নারী ও শিশু নির্যাতনের হার বৃদ্ধি পাচ্ছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। | এই বিষয়ে উপজেলা পরিষদ সাধারণ সভায় আলোচনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৪ | **বিভিন্ন উন্নয়ন প্রকল্প ঃ** পঞ্চগড় সদর উপজেলার মধ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নযোগ্য বিভিন্ন প্রকল্পে মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ০৪ | **বিবিধ ঃ** সভায় পরিষদ কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে প্রত্যক্ষ সুবিধাভোগী হিসেবে নারী ও শিশুদের অন্তর্ভূক্তিকরণের বিষয়টি নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। শিশু শ্রম বন্ধ, নারী ও শিশু নির্যাতন বন্ধ, বাল্য বিবাহ রোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধকল্পে কর্মরত সংশ্লিষ্ট কমিটি, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমুহের কার্যক্রমের সমন্বয়সাধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১২/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
পঞ্চগড়।

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৭৫

তারিখঃ ২৬ অগ্রহায়ন, ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য ঃ</u>

০২। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৩। পুলিশ সুপার, পঞ্চগড়।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ</u>

০১। উপজেলা ......................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.......................................................................................
সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

(এ.কে.এম. ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ১১/০২/২৪

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-১৩০

তারিখঃ ২৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১১/১২/২০২৪ তারিখ রোজ বুধবার সকাল- ১০.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

(এ.কে.এম. ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

.................................................................
.................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।